

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৭

বাংলা

(সাস্মানিক)

(ষষ্ঠ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-601

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাঠক্রম সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক

ছাত্রছাত্রীদের BNGH-601 পত্রের হয় BNGH-601 (A) অথবা
BNGH-601 (B)-এর প্রশ্নের উত্তর দিতে হবে

পাঠক্রম নং : BNGH-601 (A)

(আধুনিক ভারতীয় কথাসাহিত্য-২)

- (ক) 'মৃত্যুঞ্জয়' উপন্যাসটি মূল কোন্ ভাষায় রচিত?
উপন্যাসটির প্রথম প্রকাশকাল কত? 'মৃত্যুঞ্জয়'
উপন্যাসকে রাজনৈতিক উপন্যাস বলা যায় কি না, কাহিনি
বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

১+১+১২=১৪

অথবা

(খ) 'মৃত্যুঞ্জয়' উপন্যাসের বাংলা অনুবাদক কে? উপন্যাসটি অনুবাদ করে অনুবাদক কোন পুরস্কারে সম্মানিত হয়েছিলেন? উপন্যাসে বর্ণিত কার্ণি সমাজের লোকবিশ্বাস ও সংস্কারের পরিচয় দাও।

১+১+১১=

২। (ক) 'দাদিবুঢ়া' উপন্যাসের প্রকাশকাল কত? উপন্যাসটি বাংলায় কে অনুবাদ করেন? উপন্যাসে কোন জনজাতির জীবনচিত্র অঙ্কিত? ঠেঙ্গাঁজানি চরিত্রটি আলোচনা করো।

১+১+১+১১=

অথবা

(খ) 'দাদিবুঢ়া' ছাড়া গোপীনাথ মোহান্তির অন্য দুটি উপন্যাসের নাম লেখো। উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

২+১২=

৩। (ক) 'মৃত্যুঞ্জয়' উপন্যাসের মূল লেখক কে? উপন্যাস অবলম্বনে মহানন্দ গৌঁসাই চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

(খ) 'দাদিবুঢ়া' উপন্যাস অবলম্বনে ধাংড়া ও ধাংড়ি-ঘরের পরিচয় দাও। উপন্যাসে বর্ণিত নারীচরিত্রগুলির স্বরূপ বিশ্লেষণ করো।

২+২+১০=

(3)

সংক্ষিপ্ত টীকা লেখ (যে কোনো দুটি) :

৪x২=৮

(ক) আহিনা কোঁয়র চরিত্র

(খ) মৃত্যুঞ্জয় উপন্যাসে বর্ণিত বৈষম্যবর্ণনা

(গ) 'দাদিবুঢ়া' উপন্যাসে বর্ণিত কৃষি-বিষয়ক আচার

(ঘ) 'ডুমা'-র বিশেষত্ব

(রবীন্দ্র সাহিত্য)

- ১। (ক) 'যোগাযোগ' উপন্যাসের প্রথম নাম কী ছিল? উপন্যাসটি প্রথম কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল? " 'যোগাযোগ' উপন্যাসের উপসংহার একটি জোড়া-তালি দেওয়া রফা মাত্র।" এই উপন্যাসের সমাপ্তি ও স্বামীগৃহে কুমুদিনীর প্রত্যাবর্তন প্রসঙ্গে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের এই অভিমতের তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+১৩=

অথবা

- (খ) বিপ্রদাসের পিতার নাম কী ছিল? 'যোগাযোগ' উপন্যাসের আগের উপন্যাসটির নাম লেখো। 'যোগাযোগ' উপন্যাসের বিপ্রদাস চরিত্রটি বিশ্লেষণ করো।

১+১+১২=

- ২। (ক) 'জীবনস্মৃতি' গ্রন্থের প্রথম তিনটি পরিচ্ছেদের নাম লেখো। "ইতিমধ্যে বাড়িতে পরে পরে কয়েকটি ঘটনা ঘটিল।" এই মৃত্যুঘটনাগুলি কবিমনে কীরূপ ক্রিয়া-প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল, সে বিষয়ে আলোচনা করো।

৩+১১=

অথবা

- (খ) আত্মজীবনী বলতে কী বোঝায়? "প্রকৃতপক্ষে 'জীবনস্মৃতি' রবীন্দ্রনাথের হয়ে ওঠার কাহিনি।" পাঠ্য গ্রন্থ অবলম্বনে এই মন্তব্যের সার্থকতা বিচার করো।

৩+১১=

(ক) 'স্ত্রীর পত্র' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
“রবীন্দ্রনাথের একশ্রেণির গল্পে নারীর অধিকার রক্ষার
সংগ্রামের রূপটি স্পষ্ট হয়ে উঠেছে।” পাঠ্য গল্প
অবলম্বনে এরূপ মন্তব্যের যথার্থতা বিচার করো। $1+10=11$

অথবা

(খ) 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে মোট কতগুলি গল্প আছে?
“ 'রাসমণির ছেলে' গল্পের প্রধান নায়ক কোনো মানুষ
নয়, চৌধুরী পরিবার নামে একটি গোষ্ঠীর সম্মিলন।”
উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। $1+10=11$

সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) : $8 \times 2 = 16$

(ক) 'যোগাযোগ' উপন্যাসে মধুসূদন

(খ) 'জীবনস্মৃতি'র স্বাদেশিকতা

(গ) 'বলাই' গল্পে প্রকৃতিমুগ্ধতার স্বরূপ

(ঘ) 'হালদারগোষ্ঠী' গল্পের নামকরণের সার্থকতা
